গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নম্বর:৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২৫- ২২৬১

তারিখ ২৯ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ০৪ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নাটোর এর প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) জনাব জাসমিন আহম্মেদ বদলী জনিত কারণে বিদ্যালয়ের জ্যেষ্ঠ সিনিয়র শিক্ষক প্রধান শিক্ষক (চলতি দায়িত্ব) জনাব মোঃ আব্দুল মোত্তালেব (২০১৬৭০৪৭০৩) গত ১৩.১০.২০২৬ খ্রিস্টাব্দ তারিখে দায়িত্ব গ্রহণ করেন। সে প্রেক্ষিতে দায়িত্বভার গ্রহণের তারিখ হতে তাঁকে সাময়িকভাবে প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য কর্মকর্তা-কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

(ক) এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/জ্যেষ্ঠ সিনিয়র প্রধান শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।

(খ) ট্রেজারি ও সাব-ট্রেজারি আইনের এস,আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাঁকে আনুষঙ্গিক ভাতা, সম্মানী ইত্যাদি বিলসমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।

(গ) দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোতভাবে দায়ী থাকবেন। তাঁকে প্রযোজ্য বিধি-বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেন-দেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০৪/১১/২০২৬
(এস এম মোসলেম উদ্দিন)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)
ও
সহকারী পরিচালক (মাধ্যমিক-১ অ:দা:)
Email:addshesecondary1@gmail.com

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২৫- ২২৬১

তারিখ: ২৯ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ০৪ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০২। প্রধান হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
০৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী;
০৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
০৫। জেলা/উপজেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা,.....;
০৬। জেলা শিক্ষা অফিসার, নাটোর;
০৭। জনাব, ...;
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৯। সংরক্ষণ নথি।

০৪/১১/২০২৬
(এস এম মোসলেম উদ্দিন)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)
ও
সহকারী পরিচালক (মাধ্যমিক-১ অ:দা:)
Email:addshesecondary1@gmail.com